গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১৬.১৮.০৩৭.১৯ - ৪৩৬ তারিখঃ ০৭/০৯/২০১৯ খ্রি.

**বিষয়: নির্বাচিত উদ্ভাবনী উদ্যোগ সমূহের রেপ্লিকেশন এবং স্কেলআপ বাস্তবায়নের জন্য Action Plan প্রস্তুত প্রসংগে।**

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ২৬ আগষ্ট,২০১৯ তারিখের সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয় ও সুত্রের আলোকে জানানো যাচ্ছে যে, গত ২৮ মে ২০১৯ তারিখে আন্তর্জাতিক মার্তৃভাষা ইন্সটিটিউটে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং অনুষ্ঠান-২০১৯ অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সারাদেশে স্কেলআপ এবং রেপ্লিকেশন এর জন্য কারিগরি শিক্ষা অধিদপ্তরের নিম্নবর্নিত উদ্ভাবনসমূহ নির্বাচিত হয়ঃ

| ক্রমিক | উদ্যোগের নাম | উদ্ভাবকের নাম, পদবী ও কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | সোশ্যাল স্কিল সার্ভিস সেন্টার চালুকরণ | ১) বিপ্লব বিকাশ পাল চৌধুরী<br>ভারপ্রাপ্ত কর্মকর্তা (রিসার্চ এন্ড নলেজ ম্যানেজমেন্ট সেল), কাশিঅ<br>২) মোঃ রেজাউল করিম<br>চীফ ইন্সট্রাকটর (আর এসি ), টেকনিক্যাল স্কুল ও কলেজ, জয়পুরহাট | স্কেলআপ এর জন্য |
| ০২ | সরাসরি অনলাইনে হাজিরা গ্রহণ, পর্যবেক্ষণ ও দ্রুত প্রতিবেদন প্রস্তুত | ১) সন্তোষ কুমার কর্মকার<br>ইন্সট্রাক্টর (কম্পিউটার), সিরাজগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট<br>২) মাহাবুবুল আলম<br>ইন্সট্রাক্টর (কম্পিউটার), সিরাজগঞ্জ পলিটেকনিক ইন্সটিটিউট | রেপ্লিকেশন এর জন্য |
| ০৩ | কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও বাকাশিবো'র তথ্যাদি মোবাইল অ্যাপস এর মাধ্যমে শেয়ারিং | ১) প্রকৌশলী মুহাম্মদ তারেকুল ইসলাম<br>ইনস্ট্রাক্টর ও বিভাগীয় প্রধান (কম্পিউটার), বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিটিউট<br>২) মো: জামিলুর রহমান<br>শিক্ষার্থী (কম্পিউটার), বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিটিউট | |

২। বর্নিত উদ্যোগ সমূহের স্কেলআপ এবং রেপ্লিকেশন বাস্তবায়নের জন্য সুস্পষ্ট Action Plan তৈরি পূর্বক আগামী ১২/০৯/২০১৯ তারিখের মধ্যে info.dte.planning @gmail.com এ প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ১। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ২৬ আগষ্ট,২০১৯ তারিখের সভার কার্যবিবরণী।
২। নমুনা Action Plan

স্বাক্ষরিত/-
(মোঃ জাহাঙ্গীর আলম)
পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
কারিগরি শিক্ষা অধিদপ্তর

স্মারক নং-৩৭.০৩.০০০০.০১৬.১৮.০৩৭.১৯ - ৪৩৬ তারিখঃ ০৭/০৯/২০১৯ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:**

১. পরিচালক (প্রশাসন /ভোকেশনাল/ পিআইডব্লিউ/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭
২. অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, তেজগাঁও, ঢাকা-১২০৮
৩. অধ্যক্ষ, সিরাজগঞ্জ / বাংলাদেশ সুইডেন পলিটেকনিক ইন্সটিটিউট

৪. অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ, জয়পুরহাট

৫. জনাব, .......................................................

৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ইএমআইএস সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

৭. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)

৮. সংশ্লিষ্ট নথি

(ফকির মোহাম্মদ আব্দুল মান্নান)
সহকারী পরিচালক-৫
কারিগরি শিক্ষা অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইসিটি অধিশাখা
www.tmed.gov.bd

বিষয়ঃ "ইনোভেশন শোকেসিং পরবর্তী কার্যক্রম সংক্রান্ত সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতিঃ | এস. এম. মাহাবুবুর রহমান<br>যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ)<br>কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| তরিখঃ | ২৬ আগস্ট, ২০১৯ |
| সময়ঃ | সকাল ১০.০০ ঘটিকা। |
| স্থানঃ | সভাকক্ষ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে তিনি ইনোভেশন এবং TVCQ (Time Visit Cost and Quality) এর উপর গুরুত্বপূর্ণ বক্তব্য পেশ করেন। গত ২৮ মে ২০১৯ তারিখ শোকেসিং-এ অংশগ্রহণ করায় সকলকে তিনি ধন্যবাদ জানান। ডিজিটাল তথা উন্নত বাংলাদেশ গড়তে হলে ইনোভেশনের কোন বিকল্প নেই। সকল নতুন Idea তালিকা করে একটি মডেল ডকুমেন্ট এ বিভাগে প্রেরনের জন্য তিনি উপস্থিত সকলকে নির্দেশ প্রদান করেন । সকল Idea generate পরবর্তী অতি দ্রুত Piloting এবং পরবর্তীতে শোকেসিং এর ব্যবস্থা নিতে হবে। তিনি আরো বলেন গত শোকেসিং-এ ৫টি প্রতিষ্ঠানের মোট ৮টি Idea চুড়ান্তভাবে নির্ধারন করা হয়। তন্মধ্যে আঞ্চলিক পর্যায়ে রেপ্লিকেশনের জন্য ৩টি এবং স্কেল-আপ এর জন্য ৫টি চুড়ান্তকরণ করা হয়। অতি সত্বর এ প্রক্রিয়া সম্পন্ন করার উপরও তিনি জোর তাগিদ দেন। কোন Idea রেপ্লিকেশন অথবা স্কেলআপ এর ক্ষেত্রে যদি অর্থের প্রয়োজন হয় তবে তা স্ব স্ব প্রতিষ্ঠান অথবা এ বিভাগ কর্তৃক উক্ত অর্থ বরাদ্দের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। সভাপতির অনুমতিক্রমে এটুআই হতে আগত জনাব অশোক কুমার বিশ্বাস সভাকে অবহিত করেন যে, গত ২৮ মে, ২০১৮ তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক যে শোকেসিং হয়েছে তা চমৎকার ছিল। তিনি বলেন যদিও খুব কম সময়ের মধ্যে শোকেসিং অনুষ্ঠিত হয়েছিল তারপরও চীফ ইনোভেশন অফিসারের এর গতিশীল নেতৃত্বের কারনে তা সর্বজনীন প্রশংসিত হয়েছে। এ পর্যন্ত মোট ৪৯টি শোকেসিং হয়েছে যার মধ্যে এ বিভাগের শোকেসিং প্রশংসনীয়। শোকেসিং পরবর্তী ধাপসমূহ সম্পর্কে তিনি উল্লেখ করেন যে, ১) বর্তমানে করণীয় কি? ২) শোকেসিং পরবর্তী ধাপে Review Meeting করা; এবং ৩) উদ্যোগভিত্তিক সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা তৈরী করা।

৩। এ বিভাগের সিস্টেম এনালিস্ট সভাকে অবহিত করেন যে, দাপ্তরিক ইনোভেশন ছাড়াও পলিটেকনিক ইনস্টিটিউট এর ছাত্র/ছাত্রী কর্তৃক প্রস্তুতকৃত সামাজিক উন্নয়নের লক্ষ্যে গুরুত্বপূর্ণ Idea সমূহ কাজে লাগানো যেতে পারে। তিনি বলেন প্রতি বছরে ন্যূনতম ১ বার দেশের সকল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এর অধ্যক্ষ বৃন্দের সমন্বয়ে একটি করে কর্মশালার আয়োজন করলে নতুন নতুন Idea পেতে সহজ হবে।

৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাদ্রাসা শিক্ষা বোর্ড সভাকে অবহিত করেন যে, মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক একটি অভিযোগ নিষ্পত্তি করণের লক্ষ্যে একটি online Software রয়েছে। যার মাধ্যমে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান সুফল পেয়ে আসছে। ফলে উক্ত Idea-কে স্কেলআপ করা যেতে পারে।

৫। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৫.১ নতুন পাইলটিং করণের লক্ষ্যে আগামি ১৫/০৯/২০১৯ তারিখের মধ্যে সকল দপ্তর / অধিদপ্তর / সংস্থা হতে নতুন নতুন **Idea** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে জমা দিতে হবে;

৫.২ রেপ্লিকেশন এবং স্কেলআপ বাস্তবায়নের লক্ষ্যে স্ব স্ব দপ্তর / অধিদপ্তর / সংস্থা তাদের ইনোভেটরদের সাথে আলোচনা স্বাপেক্ষে একটি Action Plan আগামি ১৫/০৯/২০১৯ তারিখের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে জমা দিতে হবে;

৫.৩ প্রতি মাসে ইনোভেশন সংক্রান্ত একটি করে সাধারণ সভা এবং প্রতি ৩ (তিন) মাস অন্তর অন্তর ইনোভেশন সংক্রান্ত একটি করে কর্মশালার আয়োজন করতে হবে;

৫.৪ সকল সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট-এর অধ্যক্ষ ও ১ জন করে ইনোভেটরসহ বছরে একবার ১টি করে কর্মশালা করতে হবে।

৬। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এস. এম. মাহাবুবুর রহমান)
যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

প্রতিষ্ঠানের নামঃ

উদ্যোগের নামঃ

উদ্ভাবকের নাম, পদবী ও কর্মস্থলঃ

## নমুনা Action Plan

| ক্রমিক | কার্যক্রম (স্থানসহ) | সময়কাল | প্রয়োজনীয় বাজেট |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |